

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২০

২/ সালাত (নামায) (১ হা০ ১ হা০)

পরিচ্ছেদঃ ফজরের দু'রাকআত (সুন্নাতের) পর শয়ন করা।

باب مَا جَاءَ فِي الإضْطِجَاعِ بَعْدَ رَكْعَتَى الْفَجْرِ

আরবী

حَدَّثَنَا بِشْرُ بْنُ مُعَاذِ الْعَقَدِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا صلَّى أَحَدُكُمْ رَكْعَتَى الْفَجْرِ فَلْيَضْطَجِعْ عَلَى يَمِينِهِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ. وَقَدْ رُويَ عَنْ عَائِشَةَ عَلَى يَمِينِهِ أَنْ عَائِشَةَ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ. وَقَدْ رُويَ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ إِذَا صَلَّى رَكْعَتَى الْفَجْرِ فِي بَيْتِهِ اضْطَجَعَ عَلَى يَمِينِهِ . وَقَدْ رَأَى بَعْضُ أَهْلِ الْعِلْمِ أَنْ يُفْعَلَ هَذَا اسْتِحْبَابًا.

বাংলা

8২০. বিশর ইবনু মু'আয আল-আকদী (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ তোমাদের কেউ যখন ফজরের দু'রাকআত সুন্নাত আদায় করে নেয়, তখন সে যেন ডান কাতে (কিছুক্ষন) শুয়ে থাকে। - মিশকাত ১২০৬, সহিহ আবু দাউদ ১১৪৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৪২০ আল মাদানী প্রকাশনী

এই বিষয়ে আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ, তবে সনদে গারীব। আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত আছে যে, তার ঘরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ফজরের দু'রাকআত সুন্নাত আদায় করতেন তখন এরপর ডান কাতে শুয়ে থাকতেন। কতক আলিম এইরূপে শোয়া মুস্তাহাব বলে অভিমত দিয়েছেন।

English

Abu Hurairah narrated that:

Allah's Messenger (S) said: "When one of you prays the two Rak'ah of Fajr



then let him lay down on his right (side)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন